

বর্ণ, জাতীয়তা, বা অন্যান্য বৈশিষ্ট্যের ভিত্তিতে ঘৃণা বা বৈষম্য নিউ ইয়র্ক শহরে সহ্য করা হয় না।

নিউইয়র্ক সিটি কমিশন অন হিউম্যান রাইটস (New York City Commission on Human Rights, CCHR), অফিস ফর দ্যা প্রিভেনশন অফ হেট ক্রাইমস (Office for the Prevention of Hate Crimes, OPHC) এবং নিউ ইয়র্ক পুলিশ ডিপার্টমেন্ট (NYPD) COVID-19 এবং করোনাভাইরাস সম্পর্কিত ঘৃণা ও পক্ষপাতিত্বের ঘটনা পর্যবেক্ষণ করছে ও প্রতিক্রিয়া দেখাচ্ছে।

আপনার পরিচয় - আপনার বর্ণ, জাতি বা ধর্ম সহ আপনার পরিচয়ের কারণে যদি আপনি বা আপনার পরিচিত কেউ শারীরিকভাবে হয়রানি বা লাঞ্চিত হন - দয়া করে 911 কল করুন।

নিউ ইয়র্ক পুলিশ ডিপার্টমেন্টের অফিসাররা সাহায্য চাওয়া কাউকে তাদের অভিবাসনের স্থিতি সম্পর্কে জিজ্ঞাসা করবেন না এবং ভাষার সহায়তা পাওয়া উপলভ্য। অফিসাররা ব্যক্তিদের জন্য উপলভ্য সহায়তা পরিষেবাগুলির সাথে সংযোগ করতেও সহায়তা করতে পারে। কোন অপরাধের মানসিক, শারীরিক এবং আর্থিক পরিণতির সাথে

মোকাবিলা করার জন্য এবং অন্য বিকল্পগুলি অন্বেষণ করতে আপনি ক্রাইম ডিকটিম অ্যাডভোকেটের সাথেও যোগাযোগ করতে পারেন। অল ক্রাইম হটলাইনের এ কল করুন এই নম্বরে 1-866-689-HELP (4357) TDD: 866-604-5350।

আপনি বা আপনার পরিচিত কেউ যদি কোন ব্যবসা, মালিক বা বাড়িওয়ালার দ্বারা হয়রানি বা বৈষম্যমূলক আচরণের শিকার হয়ে থাকেন আপনার পরিচয়ের কারণে - দয়া করে 311 এ কল করুন এবং "human rights" ("মানবাধিকার") বলুন।

নিউ ইয়র্ক শহরের মানবাধিকার আইনের আওতায় আপনি আপনার বর্ণ, জাতীয়তা, বয়স, অভিবাসন অবস্থা, প্রতিবন্ধীত্ব বা অন্যান্য সুরক্ষিত শ্রেণির উপর ভিত্তি করে আবাসন, কর্মক্ষেত্র, বা সর্বজনীন স্থানে বৈষম্যের বিরুদ্ধে সুরক্ষিত। নিউ ইয়র্ক সিটি কমিশন অন হিউম্যান রাইটস এই আইন প্রয়োগের জন্য দায়িত্ব রয়েছে। লঙ্ঘনকারীদের জরিমানা এবং/অথবা ক্ষতিগ্রস্তদের ক্ষতিপূরণ দিতে হতে পারে।

আপনার কি অভিবাসন সহায়তা দরকার?

অভিবাসন স্থিতি নির্বিশেষে সমস্ত নিউ ইয়র্কবাসী বিনামূল্যে, নিরাপদ অভিবাসন আইনি সহায়তার জন্য অ্যাকশনএনওয়াইসি হটলাইনে কল করতে পারেন। 1-800-354-0365 এ অ্যাকশনএনওয়াইসি হটলাইনে কল করুন বা 311 এ কল করুন এবং "ActionNYC" বলুন।

আপনি কি মানসিক স্বাস্থ্য সহায়তা চাইছেন?

এনওয়াইসি ওয়েল আপনার মানসিক স্বাস্থ্যের প্রয়োজনীয়তা সম্পর্কে আপনাকে সমর্থন করার জন্য উপলভ্য। প্রশিক্ষিত পরামর্শদাতারা ২০০ টিরও বেশি ভাষায়, ২৪ ঘণ্টা, সপ্তাহে ৭ দিন, গোপনীয় সহায়তা সরবরাহ করতে পারেন। 888-NYC-WELL তে কল করুন, 65173 এ "WELL" বলুন বা nyc.gov/nycwell এ অনলাইনে চ্যাট করুন।



Bill de Blasio
মেয়র

Office for the
Prevention of
Hate Crimes

Deborah Lauter
নির্বাহী পরিচালক

Mayor's Office of
Immigrant Affairs

Bitta Mostofi
কমিশনার

Commission on
Human Rights

Carmelyn P. Malais
কমিশনার/চেয়ারম্যান